



যুক্তরাষ্ট্রে পৌঁছাতে সক্ষম ক্ষেপণাস্ত্রের ইঞ্জিন পরীক্ষা উত্তর কোরিয়ার



ক্ষেপণাস্ত্রের ইঞ্জিন পরীক্ষা। ছবি: সংগৃহীত

নতুন একটি রকেট ইঞ্জিনের সফল স্থল-পরীক্ষা চালিয়েছে উত্তর কোরিয়া। রাষ্ট্রীয় সংবাদমাধ্যম জানায়, পরীক্ষাটি সরাসরি তদারকি করেন কিম জং উন। বিশ্লেষকদের মতে, এটি দূরপাল্লার হামলা সক্ষমতা বাড়ানোরই অংশ।

আন্তর্জাতিক প্রতিবেদনে বলা হয়েছে, দেশটি তাদের আন্তঃমহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ব্যবস্থায় কঠিন জ্বালানিভিত্তিক প্রযুক্তি যুক্ত করতে চাইছে। এতে দীর্ঘ প্রস্তুতি ছাড়াই দ্রুত ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ সম্ভব হয়।

রাষ্ট্রীয় সূত্র অনুযায়ী, পরীক্ষায় উন্নত কার্বন ফাইবার ব্যবহার করা হয়েছে এবং ইঞ্জিনটির থ্রাস্ট প্রায় ২ হাজার ৫০০ কিলোটন পর্যন্ত হতে পারে। তবে পরীক্ষা কোথায় বা কবে হয়েছে, তা জানানো হয়নি।

সাম্প্রতিক বক্তব্যে কিম জং উন দেশকে শক্তিশালী পারমাণবিক রাষ্ট্রে পরিণত করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন এবং যুক্তরাষ্ট্রের সমালোচনা করেন। বিশ্লেষকদের মতে, এ ধরনের পরীক্ষা মূলত কৌশলগত চাপ তৈরিরই একটি উপায়।